

উপজেলা সম্পর্কিত তথ্য

এক নজরে উপজেলা	লোহাগড়া উপজেলা ০১/০৩/১৯৮৪ সালে সৃষ্টি। উপজেলার আয়তন ২৯০.৮৩ বর্গকিলোমিটার। ১টি পৌরসভা, ১২টি ইউনিয়ন, ২৪৫টি গ্রাম এবং ১৫৩টি মৌজার সমন্বয়ে এ উপজেলা গঠিত। এ উপজেলার জনসংখ্যা ২,২৫,৪৪৭ জন। প্রতি বর্গকিলোমিটারে জনসংখ্যার ঘনত্ব ৭৫৯ জন। শিক্ষার হার ৪৮%, কলেজ ৬টি, মাধ্যমিক বিদ্যালয়-৩৫টি, নিম্ন মাধ্যমিক বিদ্যালয়-৩টি, মাদ্রাসা ১০টি, সরকারী প্রাথমিক বিদ্যালয়-৯৮টি, বে-সরকারী প্রাথমিক বিদ্যালয়-২টি ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান ১টি। হাসপাতাল-১টি, পরিবার কল্যাণ কেন্দ্র-১১টি, পশু হাসপাতাল-১টি, আশ্রয়ন/আবসন প্রকল্প-১টি, মসজিদ-৫২৫টি, মন্দির-১৮টি। মোট কৃষি জমি-২৯,২৬৭.৫০ একর, মোট আবাদী জমি-২২,৯২৫.৯৪ একর এবং মোট খাস জমি-৯,৫১৪.৯৭ একর। হাট বাজার-১৭টি, জলমহাল-১৪টি, বালু মহল-৫টি, সিনেমা হল-১টি, ডাকবাংলো-১টি।
ভৌগলিক পরিচিতি	৮৯ ডিগ্রি পূর্বদ্রাঘিমা এবং ২৩.৫ ডিগ্রী উত্তর অক্ষাংশ লোহাগড়া উপজেলা অবস্থিত। এ উপজেলার উত্তরে মোহাম্মাদপুর ও আলফাডাঙ্গা উপজেলা, দক্ষিণে নড়াইল জেলার কালিয়া উপজেলা, পূর্বে গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলা এবং পশ্চিমে নড়াইল সদর উপজেলা অবস্থিত।
উপজেলার পটভূমি	মধুমতি, চিত্রা নবগঙ্গা-বানকান পলল পেলবিত এই লোহাগড়া একটি প্রাচীন জনপদ। হিজল-তমাল, আমলকী-হরিতকী শোভিত, আম, জাম, নারিকেল, সুপারি সমৃদ্ধ এ মাটি পাক পাখালী মুখরিত আত্মজালা বন-বাঁদাড়ে আর ফসল ধন্য খেলা প্রান্তর নিয়ে এ অঞ্চল একদা ছিল ললিতেছিল কঠোরে মেশানো ছায়াভেজা একান্ত পাড়াগাঁ। প্রমীল সত্যতা বিকাশের জলিটল আবর্তে লোহাগড়া প্রশাসনিক সীমানার পরিবর্তন ঘটেছে অনেক বার। এখনো সীমানা নদী মধুমতির খেয়ালী গতি নিয়ত পালটায় দেয় উপজেলা সীমানা।

উপজেলার ঐতিহ্য

ইতানার বিশিষ্ট কথা সাহিত্যিক নীহার রঞ্জন গুপ্তের পৈত্রিক নিবাস, নলদীর গাজীর দরগা ও রাধা গোবিন্দ মন্দির, রায়গ্রাম জোড় মন্দির, লক্ষীপাশা কালী মন্দির, লোহাগড়া জগন্নাথ দেবের মন্দির (রথ মন্দির), রামপুর পাচু দেওয়ানের মাজার। জয়পুর তারক গোসাই এর জন্মস্থান।

ভাষা ও সংস্কৃতি

সমগ্র উপজেলায় ভাষা বাংলা প্রচলিত। সম্মিলিত সাংস্কৃতিক জোট, লোহাগড়া, গণনাট্য সংস্থা, লোহাগড়া, রবিন্দ্র শিল্পী গোষ্ঠী, লোহাগড়া, মিজান স্মৃতি সংঘ, জয়পুর সংস্কৃতিক জোট কর্তৃক বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করা হয়ে থাকে। এছাড়া কবি, জারী, পটগান, গাজীর গান ইত্যাদির প্রচলন রয়েছে।